

## চুয়াডাঙ্গায় ২ কেজি ৩৫০ গ্রাম হেরোইনসহ ০১ জন আটক



০৯-৬-১৭ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, চুয়াডাঙ্গার সহকারী পরিচালক মোঃ আসলাম হোসেনের নেতৃত্বে পরিদর্শক বিশ্বাস মফিজুল ইসলাম, উপ-পরিদর্শক মোঃ আবুল কালাম আজাদ, সহকারী উপ-পরিদর্শক মোঃ আকবর হোসেন, সিপাই আব্দুর রশিদ, সিপাই সোহরাব হোসেন, সিপাই হেলাল উদ্দীন এবং ওয়ারলেস অপারেটর মোঃ আরিফুজ্জামান এর সমন্বয়ে

একটি টিম গঠন করা হয়। টিমটি চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানাধীন দর্শনা বাস স্ট্যান্ড এলাকায় আব্দুল্লাহ আল মামুন ওরফে উষা এর জেনারেটর লাইন স্পালাই এর দোকানে অভিযান চালিয়ে ২ কেজি ৩৫০ গ্রাম হেরোইন সহ আব্দুল্লাহ আল মামুন ওরফে উষা (২৮) কে গ্রেফতার করে। উদ্ধারকৃত হেরোইনের আনুমানিক মূল্য ২ কোটি ৩৫ লক্ষ টাকা। পরিদর্শক বিশ্বাস মফিজুল ইসলাম বাদী হয়ে দামুড়হুদা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দায়ের করেন। মামলা নং-১৪।